দৈনিক বাংলা

তারিখ ... 24 JUL 1989 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

147

## যশোর বোর্ডে প্রথম

॥ স্টাফ রিপোর্টার ॥

যশোর, ২৩শে জুলাই।—যশোর শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র অহিউদ্দিন আহমেদ। সে মোট ৮৬২ নম্বর পেয়েছে। বোর্ডের দায়িত্বশীল সূত্র এ কথা জানান।

সূত্র জানান, ৮৫৭ নম্বর পেয়ে যশোর ক্যান্টনমেন্ট স্কুল ও কলে

(শেষ পঃ ৩-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষার ফল কেন্দ্রে পাঠানো হবে

(স্টাফ রিপোর্টার)

এসএসসি পরীক্ষার ফল পরীক্ষা কেন্দ্রগুলোতে পৌঁছে দেয়া হবে। ফল প্রকাশের দিন চারটি শিক্ষা বোর্ডের ফল বোর্ড অফিস প্রাঙ্গনে টানিয়ে দেয়া হবে। কর্তৃপক্ষীয় সূত্রে এ খবর জানা গেছে।

রাজধানীর স্কুলসমূহের পরী

(৩—এর পঃ দ্রঃ)

## যশোর বোর্ডে

(১-এর পঃ পর)

জের একজন ছাত্র দ্বিতীয় এবং ৮৩৭ নম্বর পেয়ে ঝিনাইদহ ক্যাডেট কলেজের একজন ছাত্র তৃতীয় হয়েছে। তাদের দুজনেরই রোল নম্বর ২।

সূত্র আরো জানান, এবার যশোর বোর্ডে পাসের হার ৪০ শতাংশ।

আগামী ২৭শে জুলাই এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে।

## এসএসসি পরীক্ষার

(প্রথম পঃ পর)

ক্ষার ফলও শুধুমাত্র কেন্দ্রগুলোতে পাঠানো হবে ফল প্রকাশের দিনেই। গতকাল ঢাকা বোর্ডের একজন কর্মকর্তা জানান যে রাজধানীতে এসএসসি পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২৪টি। তবে ঢাকায় দুই শতাধিক স্কুল থেকে ছাত্রছাত্রীরা পরীক্ষায় অংশ নিয়েছে। কর্মকর্তা আরও জানান ঢাকার বাইরের কেন্দ্রের ফল জেলা প্রশাসকদের কাছে পাঠানো হবে। উপজেলা কেন্দ্রের পরীক্ষার ফল উপজেলা নির্বাহী অফিসারের কাছে পৌঁছাবেন জেলা প্রশাসক।

রাজধানীতে শুধুমাত্র কেন্দ্রগুলোতে ফল পাঠানোয় পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকদের ফল জানার জন্যে ভোগান্তি পোহাতে হয়। ছাত্রছাত্রীরা বোর্ড অফিস, স্কুল এবং সংবাদপত্র অফিসে ভিড় জমায়। বোর্ড অফিসে ভোর থেকেই ভিড় জমে যাওয়ায় অনেকের পক্ষে সেখানে গিয়ে ফল দেখা সম্ভব হয় না।

সংশ্লিষ্ট মহল মনে করেন বর্তমান ফল জানানোর পদ্ধতি ত্রুটিপূর্ণ। পরীক্ষার্থী এবং অভিভাবকদের ভোগান্তি নিরসনের জন্যে বিকল্প ব্যবস্থা হিসাবে জেলা ভিত্তিক 'রেজাল্ট-শীট' তৈরি করে প্রয়োজনে তা বিক্রির ব্যবস্থা করা যেতে পারে। এছাড়া শুধুমাত্র কেন্দ্রে নয় উল্লেখযোগ্য সংখ্যক স্কুলেও ফল পাঠানোর ব্যবস্থা নেয়া যেতে পারে।

উল্লেখ্য ২৭শে জুলাই বৃহস্পতিবার চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে।